

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ শাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০০.২২০০.০১৭.৯৯.০০১.১৫-৭১-০

তারিখ : ১৯ আশ্বিন, ১৪২৪ বঙ্গাব্দ।
০৪ অক্টোবর, ২০১৭ খ্রিঃ।


বিষয় : বরগুনা জেলার তালতলী উপজেলা সদরে অবস্থিত ৫নং বড়বগী ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবনে সোনালী ব্যাংক লিমিটেড, তালতলী শাখা স্থাপনের জন্য ভাড়া প্রদানের অনুমতি প্রদান।

সূত্রঃ জেলা প্রশাসক, বরগুনা কার্যালয়ের স্মারক নং-৫৩৯, তারিখঃ ১০ আগস্ট, ২০১৭ খ্রিস্টাব্দ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে বরগুনা জেলার তালতলী উপজেলা সদরে অবস্থিত ৫নং বড়বগী ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবনে সোনালী ব্যাংক লিমিটেড, তালতলী শাখা স্থাপনের লক্ষ্যে নির্দেশক্রমে নিম্নলিখিত শর্তে অস্থায়ীভাবে ভাড়া প্রদানের অনুমতি প্রদান করা হলো:

শর্তসমূহ:

- (১) উল্লিখিত ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবনের ২য় তলার একাংশ (উত্তর পশ্চিম) মাসিক ভাড়া প্রদানের জন্য সোনালী ব্যাংক কর্তৃপক্ষের সাথে সর্বোচ্চ ০৩(তিন) বছরের জন্য ইউনিয়ন পরিষদ চুক্তি করতে পারবে। উক্ত সময়ের মধ্যে সোনালী ব্যাংক লিমিটেড তালতলী শাখা উপযুক্ত স্থানে স্থানান্তর করতে হবে;
- (২) সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার এর সাথে পরামর্শক্রমে এবং ইউপি সভায় অনুমোদন নিয়ে উক্ত কমপ্লেক্স ভবনের ভাড়া কৃত স্থানের মাসিক ভাড়া নির্ধারণ করতে হবে; এবং
- (৩) উক্ত ভাড়ার অর্থ বড়বগী ইউনিয়ন পরিষদের রাজস্ব তহবিলে জমা করত সংশ্লিষ্ট ইউপি সভায় অনুমোদন নিয়ে বিধি মোতাবেক ব্যয় করতে হবে।


(ড. সৈয়দা নওশীন পার্বিনী)
সিনিয়র সহকারী সচিব
☎ ৯৫৮৬৬০৫
Email : lgup1@lgd.gov.bd

জেলা প্রশাসক
বরগুনা।

অনুলিপি :

- ০১। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
- ০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, বরগুনা।
- ০৪। উপজেলা নির্বাহী অফিসার, তালতলী উপজেলা, বরগুনা।
- ০৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৬। চেয়ারম্যান, ০৫নং বড়বগী ইউনিয়ন পরিষদ, তালতলী, বরগুনা।